

الرَّافِعُ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম আসমাউল হুসনার ২৪ তম নাম الرَّافِعُ ‘আর্ রাফে’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘الرَّافِعُ’ শব্দের মূল ر - ف - ع , এই মূল শব্দ থেকে যে সকল শব্দ গঠিত হয়েছে তা পবিত্র কোরআন মাজিদে মাত্র ২৯ বার এসেছে। আমরা উপরে উঠিয়েছি, তিনি উপরে উঠিয়েছেন, উপরে উঠানো হয়েছে ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الرَّافِعُ অর্থ: ‘তিনি উপরে উঠান’।

পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে:

خَافِضَةً رَّافِعَةً ﴿٣﴾

সূরা আল ওয়াকিয়া ৩ নং আয়াতে -

সেটা (অর্থাৎ কিয়ামত) কাউকে নামাবে নিচে, কাউকে উঠাবে উপরে।

وَرَفَعْنَا لَكَ ذِكْرَكَ ﴿٤﴾

সূরা ইনশিরাহ ৪ নং আয়াতে -

(রাসূল কে বলা হচ্ছে) আর আমরা কি উচুঁ করিনি তোমার যশ খ্যাতি।

وَالِى السَّمَاءِ كَيْفَ رُفِعَتْ ﴿١٨﴾

সূরা গাসিয়া ১৮ নং আয়াতে -

এবং আসমানের দিকে (তাকাও), কিভাবে উপড়ে উঠিয়ে রাখা হয়েছে তাকে?

مَرْفُوعَةٍ مُّطَهَّرَةٍ ﴿١٤﴾

সূরা আবাসা ১৪ নং আয়াতে -

(কোরআন সম্পর্কে) খুবই উঁচু মর্যাদাসম্পন্ন ও পবিত্র

يَأْيُهَا الَّذِينَ آمَنُوا لَا تَرْفَعُوا أَصْوَاتَكُمْ فَوْقَ صَوْتِ النَّبِيِّ ﴿٢﴾

সূরা হুজরাত ২ নং আয়াতে -

হে ঈমানদার লোকেরা! তোমরা নবীর আওয়াজের উপর নিজেদের আওয়াজকে উঁচু করো না।

رَفِيعُ الدَّرَجَاتِ ذُو الْعَرْشِ يُلْقِي الرُّوحَ مِنْ أَمْرِهِ عَلَى مَنْ يَشَاءُ مِنْ عِبَادِهِ لِيُنذِرَ
يَوْمَ التَّلَاقِ ﴿١٥﴾

সূরা আল মুমিন ১৫ নং আয়াতে -

তিনি উঁচুমর্যাদার অধিকারী, আরশের অধিপতি। তিনি তাঁর বান্দাদের যার প্রতি ইচ্ছা তাঁর নির্দেশ প্রেরন করেন যাতে করে সে সাক্ষাতের দিন সম্পর্কে (মানুষকে) সতর্ক করতে পারে।

মুসলিম শরীফের হাদিস-

রাসুল সাঃ দোয়া করতেন:

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ زَوَالِ نِعْمَتِكَ، وَتَحَوُّلِ عَافِيَتِكَ، وَفُجَاءَةِ نِقْمَتِكَ، وَجَمِيعِ
سَخَطِكَ —

‘হে আল্লাহ, আমি তোমার কাছে আশ্রয় চাই, তোমার নেয়ামত খতম হওয়ার থেকে, তোমার নিরাপত্তার পরিবর্তন, তোমার আকস্মিক আজাব ও তোমার সমস্ত অসন্তুষ্টি থেকে’।

আল্লাহ الرَّافِعُ যদি আমাদের উপর সন্তুষ্ট হয়ে যান, তবে তিনি দুনিয়া ও আখেরাতে আমাদের মর্যাদা উঁচু করবেন। তাঁর অসন্তুষ্টি থেকে বাঁচার জন্য আমাদেরকে শিরিকমুক্ত ভাবে আল্লাহর আনুগত্য ও এবাদত করতে হবে। তাহলেই আমরা আশা করতে পারি মহান রাব্বুল আলামীন আমাদের উঁচু মর্যাদা দান করবেন। শিরিকযুক্ত আনুগত্য ও এবাদত আল্লাহর ক্রোধের উদ্রেক করে এবং তিনি শিরকের গুনাহ ক্ষমা করবেন না। আল্লাহ আমাদের সাহায্য করুন। আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবারাকাতুহু।